**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮৬/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ২৭ এপ্রিল ২০১৭, ১৪ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মানুষ যেন অহেতুক নির্যাতনের শিকার না হয় : র‌্যাবের দরবারে প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী রোববার বন্যাকবলিত সুনামগঞ্জ পরিদর্শনে যাবেন

৩। ভারত থেকে ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ কিনবে সরকার
: সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

৪। বাংলাদেশের চিকিৎসক নার্স আন্তর্জাতিক সেবা দিতে সক্ষম : স্বাস্থ্যমন্ত্রী

৫। সরকার বিচারকাজে কখনো হস্তক্ষেপ করে না : আইনমন্ত্রী

৬। জিংকসমৃদ্ধ ধান শিশমৃত্যুর হার কমাতে সক্ষম : কৃষিমন্ত্রী

৭। হাওর অঞ্চলে সৃষ্ট বন্যার কারণে সরকারের খাদ্য মজুদে কোনো প্রভাব পড়বে না : খাদ্যমন্ত্রী

৮। ইন্টারনেটের দাম কমবে আগামী ছয় মাসের মধ্যে, সুফল পাবে গ্রাহক
: টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৯। নির্মাণশিল্পে ২০০ কোটি ডলার বিনিয়োগ করবে চীন : সমঝোতা চুক্তি স্বাক্ষর

১০। শেরেবাংলা আবুল কাশেম ফজলুল হকের ৫৫তম মৃত্যুবার্ষিকী আজ

চলমান পাতা/২

**১। মানুষ যেন অহেতুক নির্যাতনের শিকার না হয় : র‌্যাবের দরবারে প্রধানমন্ত্রী**

দেশের সাধারণ নাগরিকরা যেন অহেতুক নির্যাতনের শিকার না হয়, সে জন্য সজাগ থাকতে র‌্যাব সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, শৃঙ্খলা বজায় রাখা ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ পালন করা একটি বাহিনীর সদস্যদের জন্য অবশ্য পালনীয় কর্তব্য। নৈতিক স্খলন যে কোনো বাহিনীর মনোবল দুর্বল করে দেয়। মনে রাখবেন-জনগণের পয়সায় আমাদের-আপনাদের বেতন-ভাতা পরিশোধ করা হয়। সবাই জনগণের সেবক। সেই জনগণের যেন কোনো রকম কষ্ট না হয়, তারা যেন কোনো রকম অহেতুক নির্যাতনের শিকার না হয়, সেদিকে সবার দৃষ্টি দিতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৬ এপ্রিল বুধবার রাজধানীর কুর্মিটোলায় র‌্যাবের সদর দপ্তরে এ বাহিনীর **১৩**তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত দরবারে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ. ১, ক. ৫), **ইত্তেফাক** (পৃ. ১, ক. ৬), **এশিয়ান এজ** (পৃ. ১, ক. ১), **অবজারভার** (শেষ. পৃ, ক. ১)।

**২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী রোববার বন্যাকবলিত সুনামগঞ্জ পরিদর্শনে যাবেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী রোববার সুনামগঞ্জের বন্যাকবলিত হাওর এলাকা পরিদর্শনে যাবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, বন্যা পরিস্থিতি দেখার জন্য আগামী ৩০ এপ্রিল সুনামগঞ্জ জেলার বন্যাকবলিত হাওর এলাকা পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সম্প্রতি ভারী বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পানিতে জেলার সব কটি হাওর তলিয়ে বোরো ধানের ব্যাপক ক্ষতি হয়েছে। সূত্র-**প্রথম আলো (পৃ. ২, ক. ৫), জনকণ্ঠ** (পৃ. ১, ক. ৬), **এশিয়ান এজ** (পৃ. ১, ক. ১), **অবজারভার** (শেষ. পৃ, ক. ৮)।

**৩। ভারত থেকে ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ কিনবে সরকার**
**: সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

বিদ্যুতের বর্ধিত চাহিদা পূরণে ভারতের ঝাড়খন্ড থেকে **১৬০০** মেগাওয়াট কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র থেকে বিদ্যুৎ কিনবে সরকার। এর প্রতি ইউনিট বিদ্যুতের দাম নির্ধারণ করা হয়েছে ৬ টাকা ৮৯ পয়সা, যা দেশীয় কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের ট্যারিফ মূল্যের চেয়ে বেশি। ২৫ বছর মেয়াদি এ বিদ্যুৎ কেনায় বাংলাদেশের ব্যয় হবে এক লাখ ৯০ হাজার ৯৭৫ কোটি টাকা। গতকাল ২৬ এপ্রিল বুধবার সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এ সংক্রান্ত একটি প্রস্তাব অনুমোদন দিয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ. ১, ক. ৮), **যুগান্তর** (পৃ. ১, ক. ৩)।

**৪। বাংলাদেশের চিকিৎসক নার্স আন্তর্জাতিক সেবা দিতে সক্ষম : স্বাস্থ্যমন্ত্রী**

বাংলাদেশের হেলথ কমিউনিটি ক্লিনিক তৃণমূলে স্বাস্থ্য সেবা পৌঁছে দেওয়ায় বিশ্বে মডেল হিসেবে পরিচিত। এই মডেলকে ইন্দোনেশিয়ায় বাস্তবায়নের আগ্রহ দেখিয়েছে সে দেশের সরকার। গত ২৫ এপ্রিল মঙ্গলবার দেশটির রাজধানী জাকার্তায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের সময় এই আগ্রহ ব্যক্ত করেন ইন্দোনেশিয়ার স্বাস্থ্যমন্ত্রী নিলা মোলয়েক। এ সময় স্বাস্থ্যমন্ত্রী তাকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়ে বলেন, বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে বিরাজমান সুসম্পর্ক আরো মজবুত করতে দুই দেশের স্বাস্থ্য খাতসহ আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে এক সঙ্গে কাজ করার জন্য বাংলাদেশ আগ্রহী। স্বাস্থ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের চিকিৎসক ও নার্সরা আজ আন্তর্জাতিক মানের সেবা দিতে সক্ষম। দুই দেশের মধ্যে নিয়মিত শিক্ষা পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখলে উভয় দেশের স্বাস্থ্য সেবার মান আরো বাড়বে। সূত্র-**ইত্তেফাক (শেষ. পৃ, ক. ৫), জনকণ্ঠ** (শেষ. পৃ, ক. ৫)।

**৫। সরকার বিচারকাজে কখনো হস্তক্ষেপ করে না : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সরকার বিচারকাজে কখনোই হস্তক্ষেপ করে না, কখনোই হস্তক্ষেপ করবে না। বিচার বিভাগ স্বাধীন। গতকাল ২৬ এপ্রিল বুধবার আইন মন্ত্রণালয়ে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, আমি সব সময়ই কিন্তু আলাপ আলোচনার মাধ্যমে সব কিছু নিরসন হোক-সেটা চাই। আমিতো কোনো দ্বন্দ্ব দেখি না। প্রধান বিচারপতির বক্তব্য প্রসঙ্গে আনিসুল হক বলেন, আমি আমাদের আচরণে কোনো সৎ মা সুলভ

ব্যবহার দেখি না। সেটা যদি উনি পয়েন্ট আউট করে দেন, সেটা আলোচনার মাধ্যমে নিশ্চয়ই নিষ্পত্তি করতে পারব। প্রধান বিচারপতির প্রকাশ্যে ক্ষোভ প্রকাশের মধ্যেই নির্বাহী বিভাগের সঙ্গে বিচার বিভাগের দূরত্বের ইঙ্গিত আছে কি না এমন প্রশ্নে আইনমন্ত্রী বলেন, আমি কোনো দূরত্ব দেখি না। সূত্র-**ইত্তেফাক (পৃ. ১, ক. ৫)**, **সমকাল** (পৃ. ১, ক. ১), **এশিয়ান এজ** (পৃ. ১, ক. ৭), **অবজারভার** (পৃ. ১,ক. ৮)।

**৬। জিংকসমৃদ্ধ ধান শিশমৃত্যুর হার কমাতে সক্ষম : কৃষিমন্ত্রী**

জিংকসমৃদ্ধ ধান শিশুমৃত্যুর হার কমাতে সক্ষম। সরকার ইতিমধ্যে তিনটি জিংকসমৃদ্ধ ধান উৎপাদনের অনুমোদন দিয়েছে। এ ছাড়া উৎপাদন বাড়াতে কৃষকদের মধ্যে বন্যা, খরা ও লবণাক্ততা উপযোগী কৃষিবীজ সরবরাহ করা হচ্ছে। সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে কৃষিবিষয়ক গবেষণাকে। গতকাল ২৬ এপ্রিল বুধবার রাজধানীর সেচ ভবনে আয়োজিত এক সেমিনারে এসব কথা বলেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। সূত্র-**সমকাল** (পৃ. ৪, ক. ২)।

**৭। হাওর অঞ্চলে সৃষ্ট বন্যার কারণে সরকারের খাদ্য মজুদে কোনো প্রভাব পড়বে না : খাদ্যমন্ত্রী**

হাওর অঞ্চলে ছয় লাখ টন ধান নষ্ট হলেও তাতে সরকারের খাদ্য মজুদে কোনো প্রভাব পড়বে না বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম। হাওর অঞ্চলে সৃষ্ট বন্যার সুযোগ নিয়ে কিছু ব্যবসায়ী ও মিল মালিক চালের দাম বাড়ানোর চেষ্টা করছেন। হাওর অঞ্চল নিয়ে ভুল সংবাদ ছড়িয়ে জনমনে আতঙ্ক সৃষ্টি করা হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। গতকাল ২৬ এপ্রিল বুধবার রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায় 'সেমস গ্লোবালের' আয়োজনে খাদ্যপণ্য এবং কৃষিজাত উপকরণের আন্তর্জাতিক প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ. ১৯, ক. ৫), **জনকণ্ঠ** (পৃ. ১, ক. ৪), **এশিয়ান এজ** (পৃ. ১১, ক. ১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ. ২, ক. ৬)।

**৮। ইন্টারনেটের দাম কমবে আগামী ছয় মাসের মধ্যে, সুফল পাবে গ্রাহক : টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

ইন্টারনেটের দাম কমানো হচ্ছে বলে জানিয়েছেন তারানা হালিম। তবে এর ফল পাওয়া যাবে আগামী ছয় মাসের মধ্যে। গতকাল ২৬ এপ্রিল বুধবার সচিবালয়ে সাংবাদিকদের তিনি এ কথা জানান। এর আগে টেলিযোগাযোগ বিভাগের সম্মেলন কক্ষে মোবাইল অপারেটরদের সঙ্গে বৈঠক করেন টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী। বৈঠকের পর তিনি বলেন, আমি ভ্যাট ট্যাক্স ও রাজস্ব ভাগাভাগি করে, ছাড় দিয়ে হলেও দাম কমাব। দু-একদিনের মধ্যে এ বিষয়টি নিয়ে অর্থমন্ত্রীকে চিঠি দেবো। যেভাবেই হোক দাম কমাব। সূত্র-**ইত্তেফাক (পৃ. ১, ক. ৫)**, **প্রথম আলো** (পৃ. ১২, ক. ১), **এশিয়ান এজ** (পৃ. ১১, ক. ১), **অবজারভার** (শেষ. পৃ, ক. ১)।

**৯। নির্মাণশিল্পে ২০০ কোটি ডলার বিনিয়োগ করবে চীন : সমঝোতা চুক্তি স্বাক্ষর**

নির্মাণশিল্পে ২ বিলিয়ন (২০০ কোটি) ডলার বিনিয়োগ করবে চীনের উদ্যোক্তারা। এতে বাংলাদেশের নির্মাণশিল্পের বিশ্বমান অর্জন এবং এ খাতে ব্যাপক হারে কর্মসংস্থান হবে বলে আশা করা হচ্ছে। বাংলাদেশ এবং চীনের মধ্যে এ-সংক্রান্ত একটি সমঝোতা চুক্তি (এমওইউ) স্বাক্ষর অনুষ্ঠানে দুই দেশের প্রতিনিধিরা এ আশার কথা শোনান। সমাঝোতা চুক্তি অনুযায়ী, নির্মাণশিল্পের উন্নয়ন এবং এ খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে সহযোগিতা দেবে চীন। গতকাল ২৬ এপ্রিল বুধবার ঢাকায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) কার্যালয়ে অনুষ্ঠিত চুক্তিতে সংস্থার পক্ষে পরিচালক তৌহিদুর রহমান খান এবং চীনের পক্ষে চায়না বিল্ডিং ম্যাটারিয়ালস ফেডারেশনের (সিবিএমএফ) পরিচালক দিং লি জং সই করেন। সূত্র-**সমকাল** (পৃ. ৪, ক. ২), **এশিয়ান এজ** (শেষ. পৃ, ক. ৪), **অবজারভার (পৃ. ১, ক. ২)**, **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ. ১ ক. ৫)।

**১০। শেরেবাংলা আবুল কাশেম ফজলুল হকের ৫৫তম মৃত্যুবার্ষিকী আজ**

অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী ও বাঙালি জাতীয়তাবাদী নেতা শেরেবাংলা আবুল কাশেম ফজলুল হকের ৫৫তম মৃত্যুবার্ষিকী আজ। ১৯৬২ সালের এই দিনে এ মহান নেতার মৃত্যু হয়। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল

হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি পালনে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**ইত্তেফাক (শেষ. পৃ, ক. ৮)**, **প্রথম আলো** (পৃ. ৪, ক. ৮), **এশিয়ান এজ** (পৃ. ৩, ক. ১), **ডেইলি স্টার** (পৃ. ৫, ক. ৮)।

**সম্পাদকীয়**

ক. **জনকণ্ঠ, প্রথম আলো, ইনকিলাব, নিউ এজ :** বন্যা কবলিত হাওরবাসীকে ত্রাণ সহায়তার পাশাপাশি ক্ষতিগ্রস্ত কৃষকদের ঘুরে দাঁড়ানোর জন্য পুনর্বাসন, বীজ, সার, কীটনাশক ও আনুষঙ্গিক সহায়তা প্রদানের সুপারিশ।

খ. **সমকাল :** পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) মাদারীপুর জেলার শিবচর থেকে একটি ভয়ংকর অপরাধীচক্রকে আটক করেছে যারা লিবিয়ায় বাংলাদেশিদের অপহরণ করে দেশে বসে মুক্তিপণ আদায় করত উল্লেখ করে এ অপরাধচক্রের মূল হোতাদের খুঁজে বের করতে সিআইডি সফল হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদ :** দেশের প্রথম ও একমাত্র কলয়াভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র বড়পুকুরিয়ার ছাই গত ১০ বছরেও অপসারণ না করায় উদ্বেগ প্রকাশ করে পরিবেশ সুরক্ষায় দ্রুত ছাই অপসারণের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** রাজধানীর ফুটপাতের চাঁদাবাজি ও দখলমুক্ত করতে মেয়রদ্বয়ের আপোষহীন ভূমিকার পাশাপাশি সরকারের রাজনৈতিক সদিচ্ছা জরুরি বলে মত প্রকাশ।

ঙ. **যায়যায়দিন, সমকাল :** বাংলাদেশের মানুষের প্রত্যাশিত গড় আয়ু এখন সাড়ে ৭১ বছর যা বিশ্বের প্রত্যাশিত গড় আয়ুর চেয়েও দুই মাস বেশি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সাম্প্রতিক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় স্বস্তি প্রকাশ করে গড় আয়ুবৃদ্ধি দেশের জনস্বাস্থ্যের উল্লেখযোগ্য অগ্রগতির প্রমাণ বহন করে বলে মত প্রকাশ।

চ. **নিউজ টুডে :** বৃষ্টির কারণে সৃষ্ট জলাবদ্ধতায় রাজধানীতে নিরাপদ ও বিশুদ্ধ পানীয় জলের অভাব দেখা যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এব্যাপারে ওয়াসা যথাযথ পদক্ষেপ নিবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **নিউ নেশন, ডেইলি সান, ইনডিপেনডেন্ট :** পরিবহণ খাতের নৈরাজ্য দূর করতে রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর ভেতরে নানা অনিয়ম ও দুর্নীতি দূর করতে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে আমরা যদি আর্থসামাজিক ও ধর্মীয় মূল্যবোধের আলোকে ধর্মনিরপেক্ষ হয়ে চলতে পারি তাহলে বাংলাদেশ আগামী দিনগুলোয় সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ হিসেবে পরিচিত হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষা ব্যবস্থা ও আমাদের করণীয়'** ড. এম এম আকাশ আমাদের শিক্ষা খাতে বাজেট বাড়াতে হবে এবং ঐ বর্ধিত অর্থ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় শিক্ষার মান বৃদ্ধির জন্য ব্যয় করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা